# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 10 April, 2025

শেরপুরের ঝিনাইগাতী উপজেলার সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ চোরাচালানী শাড়ি ও সার্টের কাপড় জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।বৃহস্পতিবার (১০ এপ্রিল) সকাল ৯টা ৩০ মিনিটের দিকে হলদিগ্রাম বিজিবি ক্যাম্পের একটি টহল দল এ অভিযান পরিচালনা করে।

বিজিবি সূত্রে জানা গেছে, নলকুরা ইউনিয়নের ধারাপানী এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে নায়েব সুবেদার আতিয়ার রহমানের নেতৃত্বে ৬ সদস্যের একটি টহল দল অভিযান চালায়।এ সময় আক্তার নামে এক ব্যক্তির বাড়ির পাশে খরের পাল্লার মধ্যে লুকিয়ে রাখা অবস্থায় ২০০ পিস শাড়ি ও ৭৮টি বান্ডিলে মোট ৯ হাজার ৩৬০ গজ সার্টের কাপড় জব্দ করা হয়।

বিজিবি'র নায়েব সুবেদার আতিয়ার রহমান জানান, সীমান্ত এলাকায় চোরাচালান প্রতিরোধে বিজিবি নিয়মিত টহল ও বিশেষ অভিযান পরিচালনা করছে।জব্দকৃত কাপড়গুলো কাস্টমসে হস্তান্তরের প্রক্রিয়া চলছে।
এদিকে, অভিযানের সময় কাউকে আটক করা সম্ভব না হলেও পলাতকদের শনাক্ত করতে তদন্ত অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

বিজিবি সূত্রে আরও জানা যায়, সীমান্তবর্তী এলাকায় অবৈধ পণ্যের প্রবাহ রোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বিজিবি অভিযান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:29

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/581257958